ঝিনাইদহ -হরিণাকুন্ডু সড়কে বাস চাপায় দুই যুবক নিহত

ঝিনাইদহের হরিণাকুন্ডু উপজেলার চাঁদপুর জামতলা নাম স্থানে যাত্রীবাহি বাসের চাকায় পিষ্ট হয়ে আবু তালেব (৩৫) ও আক্তার হোসেন (৩৬) নামে দুই যুবক নিহত হয়েছে। গতকাল বুধবার রাত ৮টার দিকে এই দুর্ঘটনা ঘটে। আবু তালেব হরিণাকুন্ডু উপজেলার চাঁদপুর গ্রামের আব্দুল গফুর মোল্লার ছেলে। অন্যদিকে আক্তার হোসেন একই উপজেলার হামিরহাটী গ্রামের মনছের আলীর ছেলে।
ঘটনাটির সত্যতা স্বীকার করে হরিণাকুন্ডু থানার ওসি আব্দুর রহিম মোল্লা জানান, হরিণাকুন্ডু ঝিনাইদহ সড়কের জামতলা মিলের কাছে একটি মটরসাইকেলকে ধাক্কা দিয়ে যাত্রীবাহি বাসটি ফুটপাতে উঠে পড়ে। দুর্ঘটনায় প্রথমে মটরসাইকেল আরোহী আক্তার হোসেন ও পরে পাশ দিয়ে হেটে যাওয়া আবু তালেব নিহত হন। লাশ ময়না তদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতালে আছে। এদিকে পাশাপাশি গ্রামের দুই যুবক নিহত হওয়ায় এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

দামুড়হুদার তালসারিতে সড়ক দূর্ঘটনায় এক মোটরসাইকেল আরোহী নিহত

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার চন্দ্রবাস গ্রামের ইকবাল হোসেন
(২৫) নামের এক কলেজ ছাত্র সড়ক দূর্ঘটনায় নিহত হয়েছে। গতকাল বুধবার বিকালের দিকে এই দুর্ঘটনাটি ঘটে। ইকবাল হোসেন চন্দ্রবাস গ্রামের শেখপাড়ার শহিদুল হকের ছেলে।

এলাকাবাসীর সূত্রে জানাযায়, বুধবার বিকালে ইকবাল হোসেন তালসারি ইকোপার্কের দিকে মোটরসাইকেলযোগে রওনা হয়। এসময় বিপরীত দিক থেকে আসা আম বোঝায় একটি পিকআপ মোটরসাইকেলের সাথে ধাক্কা লাগলে মোটরসাইকেল থেকে ছিটকে ট্রাকের চাকার নিচে পড়ে ঘটনাস্থলেই

ইকবালের মৃত্যু হয়। পিকআপের ধাক্কায় মোটরসাইকেল দুমড়ে মুছড়ে যায়। এমতাবস্থায় পিকআপ চালক ও হেলপার ঘটনাস্থল থেকে পালিয়ে যায়।

খবর পেয়ে মৃত্যু ইকবালের পরিবারের লোকজন ঘটনাস্থলে আসে। ইকবাল দর্শনা সরকারি কলেজের অনার্সের ছাত্র । উক্ত দূর্ঘটনার খবর পেয়ে কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়ি ও নাটুদাহ পুলিশ ফাঁড়ির পুলিশ ঘটনাস্থলে আসে। কার্পাসডাঙ্গা ক্যাম্প ইনচার্জ মোঃ আতিকুর রহমান জুয়েল ঘটনাটির সত্যতা নিশ্চিত করেন। ইকবালের অকাল মৃত্যুতে তার পরিবার ও এলাকায় শোক বিরাজ করছে।

চুয়াডাঙ্গার হরিশপুরে শিক্ষকের বিরুদ্ধে পরস্ত্রীর শীল্লতা হানির অভিযোগ

চুয়াডাঙ্গার হরিশপুর গ্রামের শিক্ষক নজরুল ইসলামের বিরুদ্ধে পর স্ত্রীকে পিটিয়ে আহত এবং শীল্লতাহানির অভিযোগ উঠেছে। এ ঘটনায় রেশমা খাতুন বাদি হয়ে ৪ জনকে আসামী করে আদালতে মামলা দায়ের করেছেন। বিজ্ঞ আদালতের বিচারক মামলাটি এজাহার হিসাবে নতিভুক্ত করার জন্য দর্শনা থানা পুলিশকে নির্দেশ দিয়েছেন।
অভিযোগ সূত্রে জানাগেছে, চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর ইউনিয়নের হরিশপুর গ্রামের আক্তারুজ্জামানের স্ত্রী রেশমা খাতুনকে
(৩৫) জমির সীমানা বিরোধ নিয়ে নজরুল ইসলাম গত রোববার দুপুর ২টার দিকে কিল, ঘুষি এমনকি চুলের মুঠি ধরে কাপড় চোপড় ছিড়ে টেনেহেচড়ে আহত করেন। এসময় ঠেকাতে গেলে স্বামী আক্তারুজ্জামান (৪২), ছেলে আবির হাসান (১৩) কেও শাবল এবং বাঁশ দিয়ে মাথায় আঘাত করে রক্তাক্ত জখম করে। নজরুল ইসলাম একই এলাকার মৃত সোবারক এর ছেলে এবং হরিশপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক।
আহতদের উদ্ধার করে নেয়া হয় চুয়াডাঙ্গা সদর হাসপাতালে। এ ঘটনায় রেশমা খাতুন পরের দিন বাদি হয়ে শিক্ষক নজরুল ইসলাম ও তার ভাই খাইরুল ইসলাম, সিরাজুল ইসলাম ও আনারকে আসামী করে চুয়াডাঙ্গা বিজ্ঞ আমলী আদালতে (সি,আর-৮১/২১) মামলা দায়ের করেন। বিজ্ঞ

আদালতের বিচারক মামলাটি এজাহার ভুক্ত করতে দর্শনা থানা পুলিশকে নির্দেশ দেন।
এ ব্যাপারে দর্শনা থানার তদন্ত ওসি শেখ মাহাবুবুর রহমান বলেন, আদালতের নির্দেশ মোতাবেক প্রয়োজনিয় ব্যবস্থা গ্রহণ করা হবে। এব্যপারে শিক্ষক নজরুল ইসলাম তার বিরুদ্ধে ওঠা অভিযোগ অশিকার করেছেন।

সাংবাদিক রোজিনাকে আটকের প্রতিবাদ এবং মুক্তির দাবিতে কালীগঞ্জে মানববন্ধন

দৈনিক প্রথম আলোর জ্যেষ্ঠ প্রতিবেদক রোজিনা ইসলামকে সচিবালয়ে আটকে রেখে হেনস্থা ও আটকের প্রতিবাদ এবং নিঃশর্ত মুক্তির দাবিতে ঝিনাইদহের কালীগঞ্জে মানবন্ধন করেছে কর্মরত সাংবাদিকরা। এ ছাড়াও বিভিন্ন মানবাধিকার সংগঠন ও বিভিন্ন শ্রেণীপেশার মানুষ মানববন্ধনে অংশগ্রহণ করেন।

বুধবার সকাল ১০ টায় কালীগঞ্জ মেইন বাসস্ট্যান্ড এলাকায় মানববন্ধন কর্মসূচি পালন করে কর্মরত সকল সাংবাদিকরা।

ঘন্টাব্যাপী এ মানববন্ধনে বক্তব্য রাখেন মানবাধিকার কর্মী শিবুপদ বিশ্বাস, দৈনিক প্রথম আলোর নিজস্ব প্রতিবেদক আজাদ রহমান,দিনকালের জাকারিয়া হোসেন, মাইটিভির মিঠু মালিথা, আরটিভির শিপলু জামান, সমকালের প্রতিনিধি জামির হোসেন, লোকসমাজের শাহাজান আলী সাজু প্রমুখ।

মানববন্ধনে বক্তারা বলেন, সাংবাদিক রোজিনা ইসলামের বিরুদ্ধে দায়ের করা মামলা অবশ্যই প্রত্যাহার করতে হবে। সেই সঙ্গে নির্যাতনে জড়িতদের বিচারের আওতায় আনার দাবি জানান তারা।

সাংবাদিক রোজিনা ইসলামের মুক্তির দাবিতে চুয়াডাঙ্গা প্রেসক্লাবের পক্ষ থেকে মানববন্ধন

প্রথম আলোর জ্যেষ্ঠ প্রতিবেদক রোজিনা ইসলামের মুক্তির দাবি জানিয়েছেন চুয়াডাঙ্গার সাংবাদিক ও সুধীসমাজ। রোজিনার বিরুদ্ধে করা মামলা প্রত্যাহার ও তাঁকে হেনস্তাকারীদের উপযুক্ত বিচারের দাবি জানানো হয়।

বুধবার দুপুরে চুয়াডাঙ্গা প্রেসক্লাবের পক্ষ হতে চুয়াডাঙ্গা বড়বাজার হাসান চত্বরে মানববন্ধন শেষ করে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর একটি স্মারকলিপি প্রদান করেন ও চুয়াডাঙ্গা কেন্দ্রীয় শহীদ মিনারের সামনে অবস্থান কর্মসূচি পালন করেছে চুয়াডাঙ্গা প্রেসক্লাব ও সাংবাদিকবৃন্দ।

অবস্থান ধর্মঘট চলাকালে চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি সরদার আল আমিন, সাধারণ সম্পাদক রাজীব হাসান কচি, সাংবাদিক সমিতির সভাপতি আজাদ মালিতা, সাধারণ সম্পাদক বিপুল আশরাফ বক্তব্য রাখেন। বক্তারা বলেন,সাংবাদিক রোজিনার বিরুদ্ধে করা উদ্দেশ্যপ্রণোদিত মামলা প্রত্যাহার,নিঃশর্তভাবে তাঁকে মুক্তি ও সুচিকিৎসা নিশ্চিত করতে হবে। সেই সাথে কৃতী এই সাংবাদিককে হেনস্তাকারীদের সাময়িক বরখাস্ত এবং নিরপেক্ষ তদন্তের মাধ্যমে দোষীদের গ্রেপ্তার ও বিচার করতে হবে।

রোজিনা ইসলাম কে হেনস্তা ও গ্রেপ্তারের প্রতিবাদে কুষ্টিয়ায় মানববন্ধন

দৈনিক প্রথম আলোর জ্যেষ্ঠ প্রতিবেদক রোজিনা ইসলাম কে হেনস্তা ও গ্রেপ্তারের প্রতিবাদে কুষ্টিয়ায় মানববন্ধন কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বিকেলে শহরের পাঁচ রাস্তার মোড় বঙ্গবন্ধু ভাষ্কর্য চত্বরে এ মানববন্ধন কর্মসূচি পালণ করা হয়।

কুষ্টিয়ার সর্বস্তরের সাংবাদিকদের আয়োজনে অনুষ্ঠিত মানববন্ধন কর্মসূচিতে বক্তব্য রাখেন কুষ্টিয়া প্রেসক্লাবের সদস্য সচিব চ্যানেল আই এর কুষ্টিয়া প্রতিনিধি আনিসুজ্জামান ডাবলু, বাংলাভিশন ও দেশ রুপান্তরের প্রতিনিধি হাসান আলী, চ্যানেল টুয়েন্টিফোরের শরীফ বিশ্বাস, মুক্তিযুদ্ধ মঞ্চের কেন্দ্রীয় কমিটির সভাপতি আমিনুল ইসলাম বুলবুল, ফটোগ্রাফিক সোসাইটির খলিলুর রহমান মজু, নিউজ টুয়েন্টিফোরের হাসান জাহিদ, আরটিভির শেখ হাসান বেলাল, এশিয়ান টেলিভিশনের হাসিবুর রহমান রিজু, সময় টেলিভিশনের এসএম রাশেদ, এনটিভির সাবিনা ইয়াসমীন শ্যামলী, ডিবিসি ও সমকালের সাজ্জাদ রানা, প্রথম আলোর তৌহিদী হাসান শিপলু, সময়ের দিগন্তের নাহিদ হাসান তিতাস, ভয়েস অব কুষ্টিয়ার শাহীন আহমেদ জুয়েলসহ বিভিন্ মিডিয়ায় কর্মরত গণমাধ্যকর্মীরা।

মানববন্ধনে প্রতিবাদ জানিয়ে সাংবাদিক রোজিনা ইসলামের নিশর্ত মুক্তির দাবী জানিয়ে তারা বলেন, এই নজিরবিহীন ঘটনা বাংলাদেশের সাংবাদিকতার ইতিহাসে কালো অধ্যায় হয়ে থাকবে। রোজিনা ইসলামকে সচিবালয়ে প্রায় ৬ ঘণ্টা স্বাস্থ্য মন্ত্রণালয়ের একটি কক্ষে জিম্মি করে রাখা, তাকে বিভিন্নভাবে হেনস্তা করার ঘটনা শুধু দুঃখজনক নয়, এর সঙ্গে জড়িতদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে হবে। কোন আইনে একজন সাংবাদিককে এভাবে আটকে রাখা হলো নিরপেক্ষ তদন্তের মাধ্যমে তা বের করতে হবে। ব্যবস্থা নিতে হবে দোষীদের বিরুদ্ধে।

[redacted]

[redacted]

তিনি সকলকে নিজের আপন মানুষ ভেবে কাজ করেছেনে এবং সেটা সবার চোখেও পড়েছে। দীর্ঘ এই সময়ে কেবল প্রশংসিত হয়েছেন তা নয়, কখনও সমালোচিতও হয়েছেন তিনি। তবুও মানবতার ক্ষেত্রে চুল পরিমান ঘাটতি রাখেননি মমতাময়ি এই ইউএনও। এরআগে উপজেলার সরকারি-বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠান ও প্রেসক্লাব ও সাংবাদিকদের বিভিন্ন সংগঠন এছাড়াও বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দরা ফুল ও ক্রেষ্ট দিয়ে বিদায় সংবর্ধনা জানান সোহেল মারুফকে।

তামিম নামের এক উদীয়মান তরুণ ইউএনওর বিদায় উপলক্ষে ফেসবুকে লেখেন, সরকারি রুটিন ওয়ার্কে থেকেও সাধারণের মন জয় করা একজন মানবিক উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) হচ্ছেন ভেড়ামারার বিদায়ী ইউএনও জনাব মোঃ সোহেল মারুফ। যোগদান করার পর থেকেই সরকারি সেবা সর্বসাধারণের দুয়ারে পৌছিয়ে দিতে নিজেকে নিবেদন করেছেন। গত সাড়ে তিন বছরে তিনি তার কর্মের দ্বারা ভেড়ামারার সর্বস্তরের মানুষের মন জয় করেছেন। বিশেষ করে করোনা মহামারির ভীতিকর পরিস্তিতিতেও তিনি উপজেলার এপ্রান্ত থেকে ও প্রান্ত পর্যন্ত ছুটে গেছেন সরকারি সাহায্য নিয়ে। বাড়িয়ে দিয়েছেন মানুষের প্রতি মানবিকতার হাত। উপজেলা নির্বাহী কর্মকর্তার দরজা সত্যিকার অর্থেই উন্মুক্ত ছিলো সকলের জন্য। ধর্ম-বর্ণ নির্বিশেষে সকলের কাছে তিনি একজন সজ্জন, পরোপকারি ব্যক্তি হিসেবে অল্প সময়ে পেয়েছেন পরিচিতি। রাজনীতিবিদ, ব্যবসায়িসহ সরকারি বেসরকারি প্রতিষ্ঠানের মধ্যে সেতু হিসেবে কাজ করেছেন। ঘুর্ণিঝড়, বন্যা সহ যেকোন প্রাকৃতিক দুর্যোগে ব্যতিব্যস্ত হয়ে পড়তেন।
অনাবিল, সুখ-শান্তিতে সমৃদ্ধ হোক আপনার পারিবারিক জীবন, আপনি দীর্ঘজীবী হোন, সুস্বাস্থ্য ও সমৃদ্ধিতে পৌঁছে যান কাঙ্খিত গন্তব্যে, এই আমার আন্তরিক চাওয়া।
ভালো থাকবেন ভালোবাসার প্রিয় স্যার,,,,, কখনো আপনার ভালোবাসা, স্নেহ ভুলবোনা।

প্রচণ্ড গরমে কুষ্টিয়ায় কদর

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

জন্য’ এর পরিচালক সাহাবুদ্দিন মিলন বলেন, ‘আমি আমার সংগঠনের মাধ্যমে বজ্রপাত রোধে তালগাছ রোপণ করে থাকি। জেলার বিভিন্ন উপজেলার সড়কের ধারে ও খালের পাড়ে তালের গাছ রোপণ করে থাকি। কৃষি অফিসসহ সামাজিক ও বিভিন্ন সংগঠনের আলাদা আলাদা দল এই তালের গাছ রোপণ করে আসছি।’

এ বছর তালের ভালো ফলন হয়েছে জানিয়ে কৃষিবিদ রমেশ চন্দ্র ঘোষ বলেন, ‘এবার তালের ফলনটাও ভালো হয়েছে। এছাড়া নতুন নতুন গাছ থেকে এই তাল সংগ্রহ করা হচ্ছে।’ তালগাছ বজ্রপাত রোধে কার্যকরী ভূমিকা পালন করে থাকে বলেও জানান তিনি।

ফিলিস্তিনে ইসরাইলের আগ্রাসনের প্রতিবাদে মেহেরপুরে মানববন্ধন ও বিক্ষোভ মিছিল

ইসরাইলী ইহুদী কর্তৃক ফিলিস্তিনের নিরস্ত্র নারী শিশুসহ নিরস্ত্র মানুষদের নির্বিচারে হত্যা ও নির্যাতনের প্রতিবাদে মেহেরপুরে মানবতার মানববন্ধন ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার সকালে মেহেরপুর প্রেস ক্লাবের সামনে মেহেরপুরের সর্বস্তরের সাধারণ ছাত্র-ছাত্রীদের আয়োজনে এই মানববন্ধন ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। আয়োজিত এ মানববন্ধনে সাধারণ ছাত্র-ছাত্রী ছাড়াও একাত্মতা প্রকাশ করেন নানা শ্রেণী পেশার মানুষ। মানববন্ধনে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন মনির হাসান, জাহিদ হাসান, এসএম প্লাবন।

এ সময় বক্তারা বলেন, মসজিদুল আকসাসহ ফিলিস্তিনি ভূখণ্ডে একের পর এক হামলা করে ইসরায়েলী ইয়াহুদীরা মুসলিমদের বিরুদ্ধে ক্রুসেড ঘোষণা করেছে।
বিশ্বের মোড়ল দেশগুলোর ইন্ধন ও প্রশ্রয়ে দিন দিন বেপরোয়া হয়ে উঠেছে তারা। পবিত্র রোজার মাসে ইফতারের সময় এমনকি ইদুল ফিতরের দিনেও মসজিদুল আকসায় নামাজরত মুসল্লিদের ওপর বর্বর হামলা চালিয়ে শত শত নিরীহ ফিলিস্তিনি মুসলমানদের শহীদ করেছে।

মুসলমানদের ওপর এমন উদ্ধত আচরণ মেনে নেয়া যায় না উল্লেখ করে ফিলিস্তিনের ভূখণ্ডে ইসরাইলের বর্বরোচিত হামলার বিরুদ্ধে মুসলিম বিশ্ব, জাতিসংঘ, আরব লীগ এবং ওআইসিকে অবিলম্বে জরুরি বৈঠকে বসে আইনি পদক্ষেপ নেয়ার আহ্বান জানায় বক্তারা। মানববন্ধন পরবর্তী

নাসিম রানা বাঁধন এর নেতৃত্বে একটি বিক্ষোভ মিছিল করা হয়। মিছিলটি প্রেসক্লাবের সামনে থেকে শুরু করে প্রধান সড়ক হয়ে মেহেরপুর হোটেল বাজার মোড়ে গিয়ে শেষ হয়। বিক্ষোভ মিছিলে ইসরাইলের প্রধানমন্ত্রী নেতানিয়াহেুর বিরুদ্ধে বিভিন্ন ধরনের স্লোগান দেন।

সাংবাদিক রোজিনার মুক্তির দাবীতে মেহেরপুরে মানববন্ধন

আন্তর্জাতিক পুরস্কারপ্রাপ্ত বাংলাদেশী নারী সাংবাদিক রোজিনা ইসলামকে হেনস্তা ও আটকের প্রতিবাদ এবং নিঃশর্ত মুক্তির দাবিতে মেহেরপুর শহরে মানববন্ধন কর্মসূচি পালিত হয়।
আজ বুধবার সকাল সাড়ে ৯ টার দিকে মেহেরপুর প্রেসক্লাবের সামনে মানববন্ধন কর্মসূচি অনুষ্ঠিত হয়।
আধাঘণ্টাব্যাপী আয়োজিত এই মানববন্ধন কর্মসূচিতে মেহেরপুরে কর্মরত সকল সাংবাদিক অংশগ্রহণ করেন।
মানববন্ধন কর্মসূচি শেষে এক প্রতিবাদ সভায় বক্তাগণ বলেন, সাংবাদিক রোজিনা ইসলামকে নিঃশর্ত মুক্তি দেওয়া হোক এবং সারাদেশে সাংবাদিক নির্যাতন খুন গুন মামলা হামলা হয়রানির প্রতিবাদ ও ডিজিটাল সিকিউরিটি এ্যক্ট বাতিল করা হোক।
তাছাড়াও সাংবাদিক রোজিনা ইসলাম রাষ্ট্রের কর্মচারীদের দুর্নীতি ঠেকাতে সরকারকে সহায়তা করেছিল কিন্তু তাকে চোরদের পক্ষালম্বন দুঃখজনক।